

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা

নং সংস্থা/ব-৪১/রে- ২২৮৫(১০০০)

তারিখ : ১৮/১১/২০১৭

Received at Dept. of CSE, BUET

Date: ২০/১১/১৭

Time: ২২:০৫

Received by: *[Signature]*

বিজ্ঞপ্তি

গত ২৬/১০/২০১৭ এবং ২৭/১০/২০১৭ তারিখে এই বিশ্ববিদ্যালয়ে সংঘটিত অনভিপ্রেত ঘটনাসমূহের পরিপ্রেক্ষিতে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ত্বরিত ব্যবস্থা গ্রহণ করে বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম অব্যাহত রাখার জন্য সম্ভাব্য সকল পদক্ষেপ গ্রহণ করেছে। গত ২৭/১০/২০১৭ তারিখ হতে আজ পর্যন্ত ছাত্র প্রতিনিধিদের সাথে দফায় দফায় সভা করে ছাত্র/ছাত্রীদের দাবি সমূহ বাস্তবায়নের লক্ষ্যে বিভিন্ন পদক্ষেপ নেয়া হয়েছে। মাননীয় উপাচার্য মহোদয় ব্যক্তিগতভাবে ইতোমধ্যে একাধিকবার ছাত্র/ছাত্রীদের সাথে আলোচনা করে সকল দাবি বাস্তবায়নের আশ্বাস প্রদান করেছেন। কিন্তু বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ গভীর উদ্বেগের সাথে লক্ষ্য করছে যে অদ্যাবধি ছাত্র/ছাত্রীরা শ্রেণি কার্যক্রমে অংশগ্রহণ করেনি। ছাত্র/ছাত্রীদের এরূপ কর্মকান্ড বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের মত স্বনামধন্য শিক্ষা প্রতিষ্ঠানের মূল্যবোধ ও নৈতিকতার সাথে সামঞ্জস্যপূর্ণ নয়।

এমতাবস্থায়, সকল ছাত্র/ছাত্রীদেরকে অনতিবিলম্বে শ্রেণি কার্যক্রমে অংশগ্রহণ করার জন্য নির্দেশ দেয়া যাচ্ছে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে,

[Signature] 18/11/2017

(অধ্যাপক ডঃ মোঃ সাইদুর রহমান)

রেজিস্ট্রার (অঃ দাঃ)

NB303
e-mail link to all
teacher + mobile
site

বিতরণঃ

- ১। সকল অনুষদের ডীন, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।
- ২। সকল বিভাগ/অফিস প্রধান, বাঃ প্রঃ বিঃ, ঢাকা- অবগতি ও নোটিশ বোর্ডে টানানোর ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
- ৩। পরিচালক, সকল ইনস্টিটিউট/সেন্টার, বাঃ প্রঃ বিঃ, ঢাকা- অবগতি ও নোটিশ বোর্ডে টানানোর ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
- ৪। পরিচালক, ছাত্রকল্যাণ পরিদপ্তর, বাঃ প্রঃ বিঃ, ঢাকা- অবগতি ও নোটিশ বোর্ডে টানানোর ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
- ৫। পরিচালক, আই.আই.সি.টি, বাঃ প্রঃ বিঃ, ঢাকা- Web Site এ প্রদানের অনুরোধসহ।
- ৬। সকল হল প্রভোস্ট, বাঃ প্রঃ বিঃ, ঢাকা- হলের নোটিশ বোর্ড এবং সকল ছাত্র-ছাত্রীদের মধ্যে বিতরণের অনুরোধসহ।
- ৭। পি.এস-টু-ভি.সি, বাঃ প্রঃ বিঃ, ঢাকা-ভি.সি. মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৮। সিকিউরিটি অফিসার, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।
- ৯। এম.আই.এস.ও, রেজিস্ট্রার অফিস, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।